



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
বগুড়া।

e-mail: ee_bog@eedmoe.gov.bd

২য় তাগিদপত্র



স্মারক নং: নিঃপ্রঃ/ইইডি/বগ/২০২৪/ ১৯৪

তারিখ:-৩০/০১/২০২৪ খ্রিঃ।

বিষয়: বামুনিয়া দারুল উলুম দাখিল মাদ্রাসা, শাজাহানপুর, বগুড়া এর মেরামত ও সংস্কার কাজের performance Security এর মেয়াদ বৃদ্ধি ও কাজের অগ্রগতি প্রসঙ্গে।

সূত্র: ১। কার্যদেশের স্মারক নং: ২৬৯(১২)/নিঃপ্রঃ/ইইডি/বগ/২০২২ তারিখ:-০২/০৩/২০২২ খ্রিঃ।

২। স্মারক নং: নিঃপ্রঃ/ইইডি/বগ/২০২৪/ ১৬৯ তারিখ:-২৫/০১/২০২৪ খ্রিঃ।


৩। স্মারক নং: এ.ই-৩/ইইডি/বগ/২০২৪/২৪৭ তারিখ:-২৪/০১/২০২৪ খ্রিঃ।

Tender No- ৬৩২৮৫৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোড নং-১৬০০১০১-১২০০০১৬০২-৩২৫৮১০৮-বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান মেরামত ও সংস্কার শীর্ষক কর্মসূচীভুক্ত বামুনিয়া দারুল উলুম দাখিল মাদ্রাসা, শাজাহানপুর, বগুড়া এর মেরামত ও সংস্কার কাজের জন্য মেসার্স শিখা এন্টারপ্রাইজ, বাজার রোড, সোনাতলা নতুন বন্দর, সোনাতলা, বগুড়াকে গত ০২/০৩/২০২২ খ্রি. তারিখে ০৩ মাস সময়সীমা নির্ধারণপূর্বক কার্যাদেশ প্রদান করা হয়। কার্যাদেশে ০৩ মাস অর্থাৎ ৯০ দিন সময়সীমা থাকলেও দীর্ঘ ৬৯৯ দিন অতিক্রান্ত হওয়ার পরও অন্যান্যবিধি কাজটি শেষ হয়নি। কাজটির বর্তমান অগ্রগতি ১০%। উপরোক্ত ২ ও ৩ নং স্মারক মোতাবেক নির্মানাধীন কাজটি দ্রুত সমাপ্ত না করার কারণ দর্শানোর জন্য বলা হলেও কোন জবাব প্রদান করা হয়নি এবং কাজটির বিপরীতে দাখিলকৃত Performance Security এর মেয়াদ বৃদ্ধির জন্য বলা হলেও ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক কোনো পদক্ষেপ গ্রহণ করা হয়নি। যা নিম্নুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের চরম অবহেলা ও অক্ষমতা প্রকাশ করেছে। এহেন পরিস্থিতিতে কাজটি শেষ না হওয়ায় নিম্নস্বাক্ষরকারীসহ উর্ধ্বতন কর্তৃপক্ষকে বিভিন্ন জবাবদিহিতার সন্মুখীন হতে হচ্ছে। উল্লেখ্য যে, কাজটির Performance Security হিসাবে দাখিলকৃত Pay Order টির মেয়াদ গত ২৬/০২/২০২৩ খ্রি. তারিখে সমাপ্ত হয়।

এমতাবস্থায় উল্লিখিত কাজটি সম্পন্ন না হওয়া পর্যন্ত অত্র দপ্তরের পরবর্তী কোন দরপত্রে অংশগ্রহণ হতে বিরত থাকার জন্য বলা হলো।

বিষয়টি অতীব জরুরী।


(মোঃ আরিফুর্রহমান)
নির্বাহী প্রকৌশলী
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
বগুড়া।

প্রাপক:- মেসার্স শিখা এন্টারপ্রাইজ,
বাজার রোড, সোনাতলা নতুন বন্দর,
সোনাতলা, বগুড়া।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

- ০১। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ২য় ব্লক, ঢাকা।
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী।
- ০৩। অফিস কপি।